

# জীবন বৃত্তান্ত



জনাব শেখ শামছুর রহমান এর জন্ম আগস্ট ১৯৭৮ সালে খুলনা জেলায়। তাঁর পিতার নাম শেখ লুৎফর রহমান ও মাতার নাম মিসেস লুৎফুন নেছা। তিনি মডেল মাধ্যমিক বিদ্যালয়, খুলনা হতে ১৯৯৪ সালে এস.এস.সি পরীক্ষায় যশোর বোর্ডের সম্মিলিত মেধা তালিকায় ১৫তম স্থান অর্জন করেন এবং আজম খান কমার্স কলেজ, খুলনা হতে ১৯৯৬ সালে এইচ.এস.সি পরীক্ষায় যশোর বোর্ডের সম্মিলিত মেধা তালিকায় ১৩তম স্থান অর্জন করেন। পরবর্তীতে তিনি ঢাকা বিশ্ববিদ্যালয়ের বাণিজ্য অনুষদের আওতায় মার্কেটিং বিভাগ হতে বিবিএ (অনার্স) এবং এমবিএ (মার্কেটিং) ডিগ্রি লাভ করেন।

এছাড়া তিনি এডিবি স্কলারশীপের আওতায় জাপানের GRIPS (National graduate institute of policy studies) হতে ২০১১ সালে পাবলিক পলিসিতে মাস্টার্স ডিগ্রি অর্জন করেন।

তিনি ২১/০৮/২০১৬ তারিখে বিসিএস (ইকোনমিক) ক্যাডারে যোগদান করেন। পরিকল্পনা কমিশনের আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগের সহকারী প্রধান হিসেবে তার চাকুরী জীবন শুরু হয়। চাকুরী জীবনে তিনি পরিকল্পনা কমিশনের আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগ এবং যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ে সহকারী প্রধান হিসেবে দায়িত্ব পালন করেন। তিনি গত ১১/০১/২০১৬ তারিখ হতে ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের সিনিয়র সহকারী প্রধান হিসেবে দায়িত্ব পালন করছেন।

তিনি সরকারি দায়িত্ব পালনের অংশ হিসেবে সিঙ্গাপুর, থাইল্যান্ড, শ্রীলংকা, ইন্দোনেশিয়া, সৌদি আরবসহ বিভিন্ন দেশ ভ্রমণ করেছেন। ব্যক্তি জীবনে তিনি বিবাহিত এবং এক কন্যা সন্তানের জনক।